# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

উযূতে তরতীব ওয়াজেব কি?

অনেকের মতে উযূতে তরতীব ওয়াজেব। যেহেতু মহান আল্লাহ উযূর আয়াতে তরতীব বজায় রেখে মাথা মাসাহর পরে পা ধোয়ার কথা উল্লেখ করেছেন। অথচ ধোয়ার কথা মাসাহর পূর্বে আছে এবং তারই ইরাবে “আরজুলাকুম”-এ জবর হয়েছে। কিন্তু হাদীসে এসেছে,
“আল্লাহ্‌র রাসুল (সঃ) এর কাছে উযূর পানি আনা হল। তিনি উযূ করতে নিজের হাত কব্জি পর্যন্ত তিনবার ধুলেন। অতঃপর নিজ মুখ তিনবার ধুলেন। অতঃপর কুল্লি করলেন ও নাকে পানি নিলেন তিনবার এবং মাথা মাসাহ করলেন। দুই কানের উপর ও ভিতরের অংশ মাসাহ করলেন। আর পা দুটিকে তিনবার করে ধুলেন। ১১৩ (আহমাদ, আবূ দাঊদ)
বোঝা গেল, নবী (সঃ) কখনো কখনো কুল্লি করা ও নাকে পানি দেওয়ার আগে মুখওহাত ধুয়েছেন। ওয়াজেব হলে তা করতেন না। তবে অধিকাংশ বর্ণনায় যে তরতীব এসেছে, তাঁর ভিত্তিতে তা সুন্নত বলা যায়। ১১৪ (আলবানী)

Source — https://www.hadithbd.com/books/link/?id=88

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন